

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
রাঙ্গামাটি সরকারি কলেজ  
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ১৬/০২/২০২৫ খ্রি.

**বিজ্ঞপ্তি**


রাঙ্গামাটি সরকারি কলেজের সকল পর্যায়ের ছাত্র-ছাত্রী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, আগামী ২৪/০২/২০২৫ খ্রি. তারিখ কলেজের প্রশাসনিক ভবনের ৩২০৩ ও ৩৩০২ (শিক্ষক পরিষদ) নং কক্ষে এবং ২৫/০২/২০২৫ খ্রি. তারিখে মূল ভবনের ১২০৬ ও ১২০৭ নং কক্ষে 'বার্ষিক সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতা'-২০২৫ অনুষ্ঠিত হবে। উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণে ইচ্ছুক ছাত্র-ছাত্রীদের নিম্নোক্ত নিয়মাবলী অনুযায়ী আগামী ২৩ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ দুপুর ১:০০ টার মধ্যে প্রশাসনিক ভবনের নীচতলায় রক্ষিত বার্ষিক সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতা-২০২৫ নামাঙ্কিত নির্ধারিত বাস্কে নাম (প্রয়োজনীয় কাগজপত্রসহ) জমাদানের জন্য নির্দেশ দেয়া গেল। উল্লেখ্য যে, একজন প্রতিযোগী সর্বোচ্চ চারটি ইভেন্টে অংশগ্রহণ করতে পারবে।


**প্রতিযোগিতার ইভেন্টসমূহ:**

ইভেন্ট	তারিখ	কক্ষ নম্বর	ইভেন্ট	তারিখ	কক্ষ নম্বর
১. ক্বিরাত	২৪/০২/২০২৫ খ্রি.	প্রশাসনিক ভবনের ৩২০৩	১. বাংলা কবিতা আবৃত্তি: আল মাহমুদের 'একুশের কবিতা'	২৪/০২/২০২৫ খ্রি.	প্রশাসনিক ভবনের ৩৩০৩
২. হামদ ও নাতে রসুল			২. ইংরেজি কবিতা আবৃত্তি: 'I Wandered Lonely as a Cloud' by William Wordsworth		
৩. অভিনয় (একক)			৩. উপস্থিত বক্তৃতা		
৪. মুখাভিনয় (একক)					
১. দেশাত্মবোধক গান	২৫/০২/২০২৫ খ্রি.	মূল ভবনের ১২০৭	১. নজরুল সংগীত	২৫/০২/২০২৫ খ্রি.	মূল ভবনের ১২০৬
২. রবীন্দ্র সংগীত			২. ধ্রুপদী নৃত্য (একক)		
৩. আধুনিক গান			৩. লোক নৃত্য (একক)		
৪. লোকগীতি (পল্লীগীতি/আঞ্চলিক)			৪. আধুনিক নৃত্য (একক)		

**নিয়মাবলী:**

- ১। A4 সাইজের সাদা কাগজে ইভেন্টের নাম, প্রতিযোগীর নাম, পিতার নাম, মাতার নাম, শ্রেণি, বিভাগ, রোল নম্বর, শিক্ষাবর্ষ, মোবাইল নম্বর উল্লেখ করতে হবে;
- ২। কলেজ কর্তৃক ইস্যুকৃত শিক্ষার্থীর পরিচয়পত্র অথবা কলেজে সর্বশেষ শ্রেণিতে ভর্তি রশিদ এর ফটোকপি সংযুক্ত করতে হবে;
- ৩। অসম্পূর্ণ তথ্য জমাদানকারী প্রার্থী প্রতিযোগিতায় অংশগ্রহণের অযোগ্য বলে বিবেচিত হবে।

  
(প্রফেসর মো. আবু ছৈয়দ চৌধুরী)  
অধ্যক্ষ  
রাঙ্গামাটি সরকারি কলেজ  
রাঙ্গামাটি পার্বত্য জেলা

  
আস্থায়িক  
বার্ষিক সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতা-২০২৫  
কমিটি  
রাঙ্গামাটি সরকারি কলেজ  
রাঙ্গামাটি পার্বত্য জেলা

**বিতরণ:**

- ১। উপাধ্যক্ষ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ২। সম্পাদক, শিক্ষক পরিষদ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ৩। বিভাগীয় প্রধান, .....(সকল বিভাগ), রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ৪। ডাটা এন্ট্রি অপারেটর, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি। তাঁকে কলেজের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল;
- ৫। সংরক্ষণ নথি।